কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধজ্ঞাপনের দলিল (এসআরএফকিউ)
[অভ্যন্তরীণ ক্রয়]

# "ট্রান্সফরমার তৈল রিফাইন করণ"

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
পাগলাপীর, রংপুর।

Package NO: W.23-24.22.91.001

স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২৩. ৪৬৫০ তারিখঃ ২৬/১০/২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে **"ট্রান্সফরমার তৈল"** রিফাইন করণের দরপত্র বিজ্ঞপ্তি ।

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত স্পেসিফিকেশন ও শর্ত অনুযায়ী **"ট্রান্সফরমার তৈল"** রিফাইন করণের জন্য বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র (RFQ) আহ্বান করা যাচ্ছে।

| দরপত্র নং | ক্রঃ নং | বিবরণ | পরিমাণ | উদ্ধৃত একক দর (টাকা) | মোট দর (টাকা) |
|---|---|---|---|---|---|
| W.23-24.22.91.001 | ০১ | প্রতি ব্যারেল নষ্ট ট্রান্সফরমার তৈল পরিশোধন ব্যয় | ৩৫ ব্যারেল (৭,১৭৫ লিটার) | | |
| | ০২ | ড্রামের মূল্য বাবদ (নতুন ড্রামের ক্রয় মূল্য–পুরাতন ব্যারেলের মূল্য সমন্বয়) | ৩৫ টি | | |
| | | | | সর্বমোট = | |

**কথায়ঃ** ..................................................................................................................................

**শর্তাবলীঃ**

০১) দরপত্র আগামী **০১/১১/২০২৩ ইং** তারিখ দুপুর ১১:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, (প্রশিক্ষণ একাডেমী ভবনের নীচতলা) বাপবিবোর্ড, ঢাকা ও (খ) জেনারেল ম্যানেজার, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পাগলাপীর, রংপুর এ রক্ষিত টেন্ডারবক্সে দাখিল করতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ **০১/১১/২০২৩ ইং** তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উল্লেখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০২) দরপত্রের সাথে **হালনাগাদ ট্রেড লাইসেন্স, সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র,ব্যাংক সলভেন্সি সনদ ও ভ্যাট নিবন্ধন সনদ এর সত্যায়িত** ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩) খামের উপর **"ট্রান্সফরমার তৈল রিফাইন করণের দরপত্র"** শব্দটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দরপত্র দাখিল করতে হবে।

০৪) দরদাতা প্রতিষ্ঠান-কে অবশ্যই **বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (BERC) এর অনুমোদন, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (BPC) এর সহিত চুক্তি, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র দরপত্রের সহিত দাখিল** করতে হবে।

০৫) মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহনযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

০৬) দরপত্রের উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং/ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

০৭) সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে সরকারী সর্বশেষ নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

০৮) দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ২০ (বিশ) দিনের মধ্যে কার্যসম্পাদন করতে হবে। প্রদত্ত ৩৫ ব্যারেল তৈল হতে কমপক্ষে ৮০% পরিশোধন হিসেবে ফেরত দিতে হবে। যথাসময়ে কার্য সম্পাদনে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে বিলম্ব মাশুল কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

০৯) রিফাইনকৃত তৈল সমিতির এজিএম (ইএন্ডসি/ ওএন্ডএম)/জুনিয়র ইঞ্জিনিয়ার এবং সিস্টেম অপারেশন, বাপবিবো, রংপুর এর উপস্থিতিতে টেস্ট করা হবে।

১০) দরপত্র সম্পর্কে কারোও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।

১১) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারণ দর্শানো ব্যতীরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১২) দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখিত নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩) আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তিটি রংপুর পবিস-২ এর ওয়েব সাইটে www.pbs2.rangpur.gov.bd দেখতে পারবেন।

১৪) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির পর রংপুর পবিস-২ এর সদর দপ্তরে নিজ খরচে মালামাল সরবরাহ করতে হবে। অন্যথায়, কোনরূপ ব্যাখ্যা তলব ব্যতীত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে কালো তালিকাভূক্ত করা হবে।

২৪/১০/২০

( মোঃ খুরশীদ আলম )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২) জেলা প্রশাসক, রংপুর।
০৩) পুলিশ সুপার, রংপুর।
০৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা **(বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবো, রংপুর জোন, রংপুর।
০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, রংপুর।
০৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, রংপুর।
০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ/গণপূর্ত, রংপুর।
১০) উপজেলা নির্বাহী অফিসার, রংপুর।
১১) ডিজিএম, (সকল), রংপুর পবিস-২।
১২) এজিএম (সকল), রংপুর পবিস-২।
১৩) এজিএম (ইএন্ডসি/অর্থ), রংপুর পবিস-২।
১৪) এজিএম (আইটি), রংপুর পবিস-২ **(বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১৫) মেসার্স-------------------------------------।
১৬) নোটিশ বোর্ড, রংপুর পবিস-২।
১৭) দাপ্তরিক নথি।

২৪/১০/২০

( মোঃ খুরশীদ আলম)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২৩.　　　　　　　　　　তারিখঃ　　২৬/১০/২০২৩ খ্রিঃ।

কোটেশন দাখিল পত্র

(প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন)

প্রতি,
জেনারেল ম্যানেজার
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
পাগলাপীর, রংপুর

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য সরবরাহের শর্তাবলী অনুসারে ট্রান্সফরমার তৈল রিফাইন করণের প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য ------------------------------------টাকা, (কথায় -------------------------------------------------------------------------------------------------------------)

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশ এবং এর মাধ্যমে চুক্তি সম্পাদিত হলে তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ---/১১/২০২৩খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখঃ

স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০১.০৩৮.২৩.　　　　　　　　　　তারিখঃ　২৬/১০/২০২৩ খ্রিঃ।

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

| ক্র: নং | আইটেমের বিবরণ | একক | পরিমাণ | এককদর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অংকে | কথায় | অংকে/কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | প্রতি ব্যারেল নষ্ট ট্রান্সফরমার তৈল পরিশোধন ব্যয় | ব্যারেল | ৩৫ ব্যারেল (৭,১৭৫ লিটার) | | | | প্রধান কার্যালয়, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পাগলাপীর, রংপুর |
| ০২ | ড্রামের মূল্য বাবদ (নতুন ড্রামের ক্রয় মূল্য –পুরাতন ব্যারেলের মূল্য সমন্বয়) | টি | ৩৫ টি | | | | |
| সরবরাহকৃত পণ্যের মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সব ধরনের ট্যাক্সসহ নিম্নোক্ত ২ নং নোট দেখুন) | | | | | অংকে | | |
| | | | | | কথায় | | |
| পত্র প্রেরণের ঠিকানা | | | | | রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পাগলাপীর, রংপুর | | |
| মোট মূল্য টাকায় (কথায়) | | | | | | | |
| প্রস্তাবিত সরবরাহ (সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন, ক্রয় আদেশ জারির তারিখ থেকে) | | | | | ২০ দিন | | |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) ( পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন) | | | | | | | |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে [-----] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব..................(দিন/মাস/বছর) সময় পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
|---|---|
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ৫,৬ ও ৭ কোটেশনদাতা পূরণ করবে।

২.যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | | প্রতি ব্যারেল নষ্ট ট্রান্সফরমার তৈল পরিশোধন ব্যয় | | | |
| ২ | | ড্রামের মূল্য বাবদ (নতুন ড্রামের ক্রয় মূল্য –পুরাতন ব্যারেলের মূল্য সমন্বয়) | | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
|---|---|
| কোটেশনদাতার নাম | |

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
পাগলাপীর, রংপুর

## ট্রান্সফরমার তৈল রিফাইন করণের আদেশ

ক্রয় আদেশ নম্বর: তারিখ:দিন/মাস/বছর

| | |
|---|---|
| কোটেশন নম্বর:..................... | তারিখ : দিন/মাস/বছর |
| প্রতি:<br>(সরবরাহকারীর নাম ও ঠিকানা) | |
| সরবরাহের তারিখ: | ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: ....................টাকা (চুক্তি মূল্য) |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ......... তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

ক্রয়াদেশকৃত পণ্যসমূহ

| দরপত্র নং | ক্রঃ নং | বিবরণ | পরিমাণ | উদ্ধৃত একক দর (টাকা) | মোট দর মূল্য |
|---|---|---|---|---|---|
| W.23-24.22.91.001 | ০১ | প্রতি ব্যারেল নষ্ট ট্রান্সফরমার তৈল পরিশোধন ব্যয় | ৩৫ ব্যারেল (৭,১৭৫ লিটার) | | |
| | ০২ | ড্রামের মূল্য বাবদ (নতুন ড্রামের ক্রয় মূল্য-পুরাতন ব্যারেলের মূল্য সমন্বয়) | ৩৫ টি | | |

ক্রেতার জন্যঃ

(মোঃ খুরশীদ আলম)
জেনারেল ম্যানেজার
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২।

তারিখঃ

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. 'চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ২০ (বিশ) দিবসের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য............................................................................ টাকা।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ ০৬ (ছয়) মাস।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়্যারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:
ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।
খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।
গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্যঃ<br>২৪/১০/২৬<br>(মোঃ খুরশীদ আলম)<br>জেনারেল ম্যানেজার<br>রংপুর পবিস-২। | সরবরাহকারীর জন্যঃ<br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখঃ | তারিখঃ |